



# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

পরিপত্র নং-সাসেপ্রবি-০১/২০১৮

তারিখঃ ১৮.১২.২০১৮

**বিষয়ঃ কর্মসংস্থান ব্যাংক একই ধরনের লোগো এবং সাইন বোর্ড ব্যবহার প্রসঙ্গে।**

পরিচালনাবোর্ডের ২য় সভায় অনুমোদনের প্রেক্ষিতে কর্মসংস্থান ব্যাংকের শুরু থেকে সকল শাখার/ কার্যালয়ের সাইন বোর্ডে নীল জমিনের উপর সাদা রংয়ের হরফে লেখা এবং একই রঙের লোগো ব্যবহৃত হচ্ছে। এ ছাড়া সকল দাপ্তরিক কাগজ পত্রে কালো রংয়ের লোগো ও কালো রঙের হরফ ব্যবহার করা হচ্ছে। পাশাপাশি বিগত ২৯.০৯.২০১০ তারিখের প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে লোগো অবিকল রেখে রং পরিবর্তন করে চার রঙা লোগো ব্যবহার করা হচ্ছে। কাজেই ব্যাংকের সাইন বোর্ড ও লোগো বিভিন্ন ক্ষেত্রে ভিন্ন ভিন্ন রঙের হওয়ায় ব্যাংকের কর্পোরেট ইমেজ যথাযথভাবে প্রতিফলিত হচ্ছে না।

০২। এমতাবস্থায়, কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ৩১ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬৯ তম সভায় ব্যাংকের লোগো এবং সাইন বোর্ড ব্র্যান্ডিং করার বিষয়টি অনুমোদিত হয়। তদপ্রেক্ষিতে ব্যাংকের লোগো এবং সাইন বোর্ড ব্র্যান্ডিং করার নিমিত্তে সকল কার্যালয়ে/শাখায় একই ধরনের লোগো এবং সাইন বোর্ড ব্যবহার করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলোঃ

ক) সাদা জমিনের উপর শুধু নেভীলু (কোড: RGB-0, 0, 128/CMYK 100, 98, 14, 17) রঙের লোগো ব্যবহার করতে হবে (নমুনা ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শিত) ;


R (Red)-:	0	C (Cyan)-:	100
G (Green)-:	0	M (Magenta)-:	98
B (Blue)-:	128	Y (Yellow)-:	14
		K (Black)-:	17

খ) সাইন বোর্ডের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত হিসেবে দুটি সাইজ যথা-শাখা ও অন্যান্য কার্যালয়ের জন্য ১০'x৩' এবং প্রধান কার্যালয়ের জন্য ১৫'x৪' নির্ধারণ করা হয়েছে (নমুনা ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শিত)।

০৩। এ আদেশ জারীর পর হতে উপরোক্ত নির্দেশনা অনুযায়ী ব্যাংকের সকল কার্যালয়ে/ শাখায় একই ধরনের লোগো এবং সাইন বোর্ড ব্যবহার নিশ্চিত করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।


  
(মোঃ আনিসুজ্জামান)  
উপ-মহাব্যবস্থাপক  
R H

নং-কেবি/প্রকা/সাসেপ্রবি-১২২/২০১৮-২০১৯/৬২৮

তারিখঃ -ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (ওয়েবসাইট থেকে সংগ্রহের অনুরোধসহ):

- ১। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৫। উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; তাঁকে এ পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, কর্মসংস্থান ব্যাংক।
- ৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।
- ৯। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।
- ১০। অফিস নথি।

  
১৮.১২.২০১৮

(মোঃ মাহবুব হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক

R H

সংযুক্তি- ক

সাইন বোর্ডের নমুনা (ব্যাংকের লোগোসহ) : সাইজ- ১০' x ৩'; সাদা জমিনের উপর শুধু নেতীর্নু রঙের লোগো ও নেতীর্নু রঙের হরফে লেখা (কালার কোড- RGB-0, 0, 128/CMYK 100, 98, 14, 17)। লোগোর ব্যাস হবে ১৫" এবং লোগোর কেন্দ্র হবে সাইন বোর্ডের উপর প্রান্ত হতে ১' ও বাম প্রান্ত থেকে সমান ১৫" দূরত্বের মিলিত বিন্দু।



# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

----- শাখা, ----- |

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু


[www.kb.gov.bd](http://www.kb.gov.bd)

ই-৩৩৩৩৩৩

মোঃ ইকবাল হোসেন  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার  
সাধারণ সেবা বিভাগ  
কর্মসংস্থান ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

  
১৫.১২.২০১৮

মোঃ মাহবুব হোসেন  
সহকারী মহাব্যবস্থাপক

  
(মোঃ আনিসুজ্জামান)  
উপ-মহাব্যবস্থাপক  
সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ  
কর্মসংস্থান ব্যাংক প্রিন্সিপাল কার্যালয়, ঢাকা।